**পরিশিষ্ট - চ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিবার পরিকল্পনা অধিদপ্তর**
**ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচি**
**৬, কাওরান বাজার,ঢাকা -১২১৫।**

০৬/০৫/১৪১৫বাং

স্মারক নং - পপঅ/সিসিএসডিপি/ ক্লিঃসাঃ /ব-আ-১১/৯১/৪৩২০ তারিখ: -------------------

২১/০৮/২০০৮খ্রিঃ

## পরিপত্র

**বিষয়: পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতির সেবাদান কার্যক্রমে ব্যবহৃত প্রয়োজনীয় ঔষধ, এমএসআর ও আনুষাঙ্গিক দ্রব্যাদির সরবরাহ নীতিমালা।**

পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘমেয়াদি পদ্ধতির সেবাদান কার্যক্রমে ব্যবহৃত অত্যাবশ্যক ঔষধ, এমএসআর ও অন্যান্য আনুষাঙ্গিক দ্রব্যাদি পর্যাপ্ত পরিমাণে ও নিয়মিতভাবে সররবাহ নিশ্চিত করা অপরিহার্য। সে-লক্ষ্যে প্রতি ১০০টি টিউবেকটমি ও ১০০টি এনএসভি (ভ্যাসেকটমি) সম্পাদনে, ১০০টি ইমপ্ল্যান্ট পরানো/খোলায় এবং ১০০টি আইইউডি পরানোর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যবহার্য্য অত্যাবশ্যক এমএসআর, ঔষধ ও অন্যান্য দ্রব্যাদি নিম্নে প্রদত্ত ছকে প্রদর্শিত সরবরাহ নীতিমালা অনুযায়ী সরবরাহ ও ব্যবহার করতে হবে । উল্লেখ্য যে, এই বিতরণ নীতিমালায় ফলো-আপ ও জটিলতার এমএসআর ও ঔষধ অন্তর্ভুক্ত আছে।

| নং | প্রয়োজনীয় দ্রব্যাদির নাম | একক | সেবা কার্যক্রম (প্রতিটি ক্ষেত্রে ১০০টি সেবার জন্য) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | টিউবেকটমী | এনএসভি (ভ্যাসেকটমী) | ইমপ্ল্যান্ট | আইইউডি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **(ক) ঔষধ ঃ** | | | | | | |
| ১. | ইনঃ এট্রোপিন সালফেট (০.৬মি.গ্রা/১মি.লি) | এম্পুল | ১১০ | -- | -- | -- |
| ২. | ইনঃ প্রোমেথাজিন হাইড্রোক্লোরাইড (২৫মি.গ্রা./১মি.লি.) | এম্পুল | ৬৫ | -- | -- | -- |
| ৩. | ইনঃ প্যাথেডিন হাইড্রোক্লোরাইড (২৫মি.গ্রা./১মি.লি.) | এম্পুল | ১১০ | -- | -- | -- |
| ৪. | ইনঃ জাইলোকেন/লিগনোকেইন হাইড্রোক্লোরাইড (১%, ৫০মি.লি/ভায়াল) | এম্পুল | ৫০ | ১২ | ১৫ | -- |
| ৫. | ক্যাপসুল এ্যামক্সিসিলিন ট্রাইহাইড্রেট (৫০০মি.গ্রা)<br>অথবা ট্যাবঃ সিপ্রোফ্লোক্সাসিন (৫০০মি.গ্রা.) | ক্যাপসুল<br>ট্যাবলেট | ৩১৫<br>২১০ | ৩১৫<br>২১০ | ৩১৫<br>২১০ | --<br>-- |
| ৬. | ক্যাপসুল ডক্সিসাইক্লিন (১০০মি.গ্রা.) | ক্যাপসুল | -- | -- | -- | ২১০ |
| ৭. | ট্যাবলেট আইবুপ্রোফেন (৪০০মি.গ্রা.) | ট্যাবলেট | -- | -- | -- | ৬০০ |
| ৮. | ট্যাবলেট ডায়াজিপাম (০৫মি.গ্রা.) | ট্যাবলেট | ২২০ | -- | -- | -- |
| ৯. | ট্যাবলেট প্যারাসিটামল (৫০০মি.গ্রা.) | ট্যাবলেট | ১১৫০ | ১১৫০ | ১১৫০ | ৫০০ |
| ১০. | ট্যাবলেট ভিটামিন বি-কমপেক্স | ট্যাবলেট | -- | ২০০০ | -- | -- |
| ১১. | ট্যাবলেট আয়রন ফলিক এসিডসহ | ট্যাবলেট | ৩০০০ | -- | -- | ৬০০০ |
| ১২. | ট্যাবলেট মেট্রোনিডাজল (৪০০মি.গ্রা.) | ট্যাবলেট | -- | -- | -- | ৩০০ |
| ১৩. | ট্যাবলেট রেনিটিডিন (স্মারক নং - পপঅ/ইএসপি/ ক্লিপপসা /ফ-২৯/৯৮/৯৪৬০-তারিখ: ৩০/১০/২০১১) | ট্যাবলেট | -- | -- | -- | ১০০০ |
| **(খ) সার্জিক্যাল দ্রব্যাদি ঃ** | | | | | | |
| ১. | শোষণ তুলা (১০০ গ্রাম) | রোল | ৩২ | ২৪ | ১৬ | ৩৬ |
| ২. | পভিডন আয়োডিন দ্রবণ (১০০মি.লি) | বোতল | ৩২ | ২৪ | ১৬ | ৩৬ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক ক্যাটগাট/এট্রোমেটিক ক্যাটগাট/ভিক্রিল | পিস | ১১০ | -- | -- | -- |
| কাটিং কার্ভড নিডিল | পিস | ১০ | -- | -- | -- |
| কাটিং স্ট্রেইট নিডিল | পিস | ০৫ | -- | -- | -- |
| কাটিং রাউন্ড বডি নিডিল | পিস | ১০ | -- | -- | -- |
| গজ থান (প্রতি থানে ২০ গজ) | থান | ০৬ | ০৪ | ০৩ | -- |
| সার্জিক্যাল রাবার গ্লাভস ( সাইজ ৬.৫") | জোড়া | ২৩০ | ১১৫ | ২৩০ | ২৩০ |
| সার্জিক্যাল রাবার গ্লাভস ( সাইজ ৭") | জোড়া | ১১৫ | ১১৫ | ১১৫ | -- |
| ১০সিসি ডিসপোজেবল সিরিঞ্জ | পিস | ২২০ | -- | -- | -- |
| ৫ সিসি ডিসপোজেবল সিরিঞ্জ | পিস | ১১০ | ১১০ | ১১০ | -- |
| সার্জিক্যাল ব্লেড (সাইজ -১০) | পিস | ১১০ | -- | ১১০ | -- |
| ইউরিস্টিক/প্রস্রাবে গ্লোকুজ ও এলবুমিন পরিমাপের স্ট্রিপ) | পিস | ১০০ | ১০০ | ১০০ | -- |
| ট্যালকুইষ্ট বুক | বুক | ০১ | ০১ | ০১ | ০১ |
| স্টেরাইল ডিসপোজেবল ল্যানসেট | পিস | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ইলাস্টোমেরিক ম্যাট্রিক্স ডেসিং/স্টেরাইল ড্রেসিং মেটিরিয়াল (১০×১০ সে.মি.) | পিস | ১১০ | -- | -- | -- |
| ইলাস্টোমেরিক ম্যাট্রিক্স ডেসিং/স্টেরাইল ড্রেসিং মেটিরিয়াল ১০×০৫ সে.মি.) | পিস | -- | ১১০ | ১১০ | -- |
| সিল্ক থ্রেড (১-০/২-০) | রোল | প্রয়োজন অনুযায়ী স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে | | -- | -- |
| শাড়ী | পিস | ১০০ | -- | -- | -- |
| লুঙ্গি | পিস | -- | ১০০ | -- | -- |
| ট্রকার/ক্যানুলা | সেট | -- | -- | ০৫ | -- |
| রিমুভাল/ইউ-ফরসেফ | পিস | -- | -- | চাহিদা অনুযায়ী | -- |

উপরোক্ত বিতরণ নীতিমালা অনুসারে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কেন্দ্রীয়/ আঞ্চলিক পণ্যাগার হতে উপজেলা/সেবাদান কেন্দ্রে মালামাল সরবরাহ করতে হবে । উপজেলা /সেবাদান কেন্দ্র হতে সংশ্লিষ্ট সেবার জন্য নির্ধারিত দ্রব্যাদির সংখ্যাভিত্তিক কোনো চাহিদাপত্র (Indent) প্রেরণের প্রয়োজন নেই। শুধুমাত্র Indent ফরমে সংশ্লিষ্ট সেবা প্রদানে কতজন গ্রহীতার জন্য সরবরাহ প্রয়োজন তার সংখ্যা উল্লেখ করে চাহিদাপত্র (যেমন-১০০টি বা ৫০টি টিউবেকটমি/ভ্যাসেকটমি/ইমপ্লান্ট/আইইউডি কার্যক্রমের জন্য চাহিদাপত্র) কেন্দ্রীয়/আঞ্চলিক পণ্যাগারে প্রেরণ করতে হবে। উক্ত চাহিদাপত্রের ভিত্তিতে কেন্দ্রীয়/আঞ্চলিক পণ্যাগার হতে উপরোক্ত বিতরণ নীতিমালা অনুসারে সংশ্লিষ্ট সেবার জন্য নির্ধারিত প্রয়োজনীয় দ্রব্যাদি উপজেলা/সেবাদান কেন্দ্রে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

উল্লেখ্য যে, সরবরাহ কালীন কোনো ঔষধ বা এমএসআর মজুদ না থাকলে সে ক্ষেত্রে শাড়ী বা লুঙ্গি ব্যতীত অন্যান্য দ্রব্যাদি ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারি কর্মসূচি হতে উপজেলা/থানা পর্যায়ে ঔষধ ও এমএসআর খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা স্থানীয় পর্যায়ে ক্রয়পূর্বক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। শাড়ী বা লুঙ্গি সরবরাহ না থাকলে পরবর্তীকালে প্রাপ্তিসাপেক্ষে সমন্বয় করতে হবে ।

উপরোক্ত নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে চাহিদাপত্র পেশ ও সরবরাহের জন্য অনুরোধ করা হলো ।

স্বাক্ষরিত
(কামরুন নেসা খানম)
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

০৬/০৫/১৪১৫বাং
স্মারক নং - পপঅ/সিসিএসডিপি/ ক্লিঃসাঃ/ব-আ-১১/৯১/৪৩২০/১ (১২৯৫) তারিখ: -----------------
২১/০৮/২০০৮খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল),...................................................... অত্র অধিদপ্তর।
২. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা ।
৩. তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা ।
৪. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ............................................ বিভাগ।
৫. অতিরিক্ত পরিচালক (ঔষধ ও ভান্ডার) কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা ।
৬. উপ-পরিচালক পরিবার পরিকল্পনা, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল), .............................. জেলা।
৭. সহকারী পরিচালক (সিসি) ও আঞ্চলিক সুপারভাইজার, এফপিসিএসটি-কিউএটি (সকল), ............... অঞ্চল।
৮. সহকারী পরিচালক (সিসি)/(পপ)/মেডিক্যাল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল),......... জেলা।
৯. মেডিক্যাল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, (সকল),............................ জেলা।
১০. মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), .............. উপজেলা, ...................... জেলা।
১১. কেন্দ্রীয় সরবরাহ কর্মকর্তা, কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা ।
১২. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, বগুড়া/খুলনা/চট্টগ্রাম ।
১৩. জেলা সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার (সকল)----------------- জেলা ।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

স্বাক্ষরিত
(ডাঃ মোঃ আব্দুল খালেক চকদার)
লাইন ডাইরেক্টর
(ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম)
ফোন- ৮১৫২২৫১(অ)